



অদ্য ১৪/০৬/২০২০ইং তারিখ ইটনা উপজেলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক কমিটির সভা ইটনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ভাইস চেয়ারম্যান (মহিলা), জনাবা নাসরিন সুলতানা মুক্তি।


ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ সাখাওয়াত হোসেন ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা	সদস্য	
০২	জনাব মোঃ সোহাগ মিয়া চেয়ারম্যান, ইটনা ইউনিয়ন পরিষদ, ইটনা	সদস্য	
০৩	জনাব মোঃ আঃ রউফ ভূঞা চেয়ারম্যান, বড়িবাড়ী ইউনিয়ন পরিষদ, ইটনা	সদস্য	
০৪	ডাঃ অতিশ দাস রাজীব উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ।	সদস্য সচিব	

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় প্রথম উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডাঃ অতিশ দাস রাজীব ইটনা উপজেলা স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমের সমস্যা সমূহ তুলে ধরে বক্তব্য রাখেন। তারপর নিম্নলিখিত আলোচ্য বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। ২১টি চালুকৃত কমিউনিটি ক্লিনিকের দরজা জানালা মেরামত :- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের নিয়ন্ত্রনাধীন ২১টি কমিউনিটি ক্লিনিক চালু আছে এবং সবকটি কমিউনিটি ক্লিনিকের দরজা জানালা মেরামতের একান্ত প্রয়োজন উল্লেখ্য করে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় সভায় উপস্থাপন করেন। সেমতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ থেকে পাওয়ার জন্য প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ- ২১টি কমিউনিটি ক্লিনিকের দরজা জানালা মেরামতের জন্য উপজেলা পরিষদ ইটনা, কিশোরগঞ্জ কে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে ইটনা উপজেলার স্বাস্থ্য সেবার মান উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষরিত

(জনাবা নাসরিন সুলতানা মুক্তি)

উপজেলা ভাইস চেয়ারম্যান ও

সভাপতি

স্বাস্থ্য বিষয়ক কমিটি

উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।

তারিখঃ- ২০/৬/২০২০

স্মারক নং-উপঃস্বঃকমঃ/ইটনা/২০২০/ ৫৬৯/১(৩)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। সিভিল সার্জন, কিশোরগঞ্জ
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ইটনা, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।
- ৫। চেয়ারম্যান,-----, ইউনিয়ন পরিষদ (সকল), ইটনা, কিশোরগঞ্জ।
- ৬। অফিস কপি।



(ডাঃ মোহাম্মদ ওয়াহীদুজ্জামান)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,

ইটনা, কিশোরগঞ্জ।